

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৯৫

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - জান্নাত ও জাহান্নামের সৃষ্টি

الفصل الاول ( بَابِ خلق الْجِنَّة وَالنَّار)

## আরবী

وَعَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لَا تَزَالُ جَهَنَّمَ يُلْقَى فِيهَا وَتَقُولُ: هَلْ مِنْ مَزِيدٍ؟ حَتَّى يَضَعَ رَبُّ العزَّةِ فِيهَا قدَمَه فينزَوي بَعْضُهَا إِلَى بَعْضٍ فَتَقُولُ: قَطْ قَطْ بِعِزَّتِكَ مَزِيدٍ؟ حَتَّى يَضَعَ رَبُّ العزَّةِ فَصْلُ الْجَنَّةِ فَصْلُ حَتَّى يُنْشِئَ اللَّهُ لَهَا خَلْقًا فَيُسْكِنُهُمْ فَضْلُ الْجَنَّةِ . مُتَّفق وَكَرَمِكَ وَلَا يَزَالُ فِي الْجَنَّةِ فَضْلُ حَتَّى يُنْشِئَ اللَّهُ لَهَا خَلْقًا فَيُسْكِنُهُمْ فَضْلُ الْجَنَّةِ . مُتَّفق عَلَيْهِ وذكرَ حَديث أنسٍ: «حُفَّتِ الجنَّةُ بالمكارِه» فِي «كتاب الرقاق»

متفق عليم ، رواه البخارى (7384) و مسلم (38 / 2848)، (7179) 0 حديث " حفت الجنة بالمكاره " تقدم (5160) ـ

(مُتَّفَقُ عَلَيْهِ)

#### বাংলা

৫৬৯৫-[২] আনাস (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: জাহান্নামে অবিরাম (জিনইনসানকে) নিক্ষেপ করা হবে। তখন জাহান্নাম বলতে থাকবে, আরো বেশি কিছু আছে কি? এভাবে ততক্ষণ পর্যন্ত
বলতে থাকবে, যতক্ষণ না মহাপরাক্রমশালী আল্লাহ তার মধ্যে নিজের পবিত্র পা রাখবেন। তখন জাহান্নামের
একাংশ অপর অংশের সাথে চেপে যাবে এবং বলবে, তোমার মর্যাদা ও অনুগ্রহের শপথ। যথেষ্ট হয়েছে, যথেষ্ট
হয়েছে। আর জান্নাতের মধ্যে লোকেদের প্রবেশের পরও অতিরিক্ত স্থান থেকে যাবে, এমনকি আল্লাহ তা'আলা
তার জন্য নতুন নতুন সৃষ্টজীব সৃষ্টি করে তাদেরকে জান্নাতের সেই সমস্ত খালি স্থানে অবস্থান করাবেন। (বুখারী
ও মুসলিম)

আর এ প্রসঙ্গে আনাস (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীস (حُفَّتِ الْجِنَّةُ بِالْمِكَارِهِ) "জান্নাতকে কষ্টদায়ক জিনিস দ্বারা ঘিরে দেয়া হয়েছে" 'রিকাক' (সদয় হওয়া) অধ্যায়ে বর্ণিত হয়েছে।



# ফুটনোট

সহীহঃ বুখারী ৪৮৪৮, মুসলিম ৩৭-(২৮৪৮), তিরমিয়ী ৩২৭২, মুসনাদে আহমাদ ১৪০০০, সহীহুল জামি ৭২৮৬, মুসান্নাফ আবদুর রায্যাক ২০৮৯৩, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ৯০৮, সহীহ ইবনু হিব্বান ২৬৮, আস সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৭৭১৯, দারিমী ২৮৪৯, হিলইয়াতুল আওলিয়া ৭/২০৪।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (﴿لَا يَزَالُ فِي الْجَنَّةِ فَصْلُ) জান্নাত সংস্কারের কাজ বাড়তেই থাকবে এমনকি আল্লাহ তার জন্য নতুন সৃষ্টজীব সৃষ্টি করবেন আর তারা জান্নাতের অতিরিক্ত অংশে বসবাস করাবেন। ইমাম নবাবী (রহিমাহুল্লাহ) বলেন, এ হাদীসটির হলো দলীল আহলুস সুন্নাহর নিকট সাওয়াব বা প্রতিদান আ'মালের উপর নির্ভরশীল নয়, বরং কিছু লোককে সৃষ্টি করা হবে এবং কোন আ'মাল ছাড়াই জান্নাতে ঢুকানো হবে। (মিরক্কাতুল মাফাতীহ; ফাতহুল বারী হা, ৪৮৪৮, শাহুন নাবাবী হা, ৩৭, ১৭/২৮৪৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন